ওয়ান স্টপ লাংগ (ফুসফুস) ক্যান্সার ক্লিনিক

রোগীদের জন্য তথ্য সম্বলিত লিফলেট

ওয়ান স্টপ লাংগ ক্যান্সার ক্লিনিক আপনা্কে ও আপনার আপনজনদেরকে, এবং আপনার চিকিৎসায় নিয়োজিত ডাক্তার ও নার্সদেরকে আপনার জন্য কোন চিকিৎসা পদ্ধতি সবচেয়ে ভালো হবে তা বিবেচনা করার সুযোগ করে দেয়।

আপনার চিকিৎসা বিষয়ক সিদ্ধান্ত

যাদের ফুসফুসের ক্যান্সার ধরা পড়ে তাদের অনেকের ক্ষেত্রে কয়েকটি ভিন্ন ভিন্ন পদ্ধতিতে চিকিৎসা করা যেতে পারে।

উদাহরণ স্বরূপ, মাঝে মধ্যে ফুসফুসের ক্যান্সারের চিকিৎসা এরকম হতে পারে:

- অস্ত্রোপচার অর্থাৎ অপারেশনের মাধ্যমে ক্যান্সারকে অপসারণ করা, অথবা;
- রেডিওথেরাপির দ্বারা ফুসফুসের ভেতরে রেডিয়েশন বা বিকিরণ রশ্মি প্রয়োগ করার মাধ্যমে ক্যান্সারকে ধ্বংস করা

আবার অনেক ক্ষেত্রে এও দেখা গেছে যে একটি চিকিৎসা পদ্ধতি অন্যটির চেয়ে উল্লেখযোগভাবে বেশি ভালো নয়। কাজেই এটা গুরুত্বপূর্ণ যে বিভিন্ন চিকিৎসা পদ্ধতি এবং এগুলোর প্রতিটির বিভিন্ন সুবিধা এবং অসুবিধাসমূহ বুঝতে আপনার চিকিৎসকগণ আপনাকে সাহায্য করবেন।

এটা উল্লেখ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে যখন ফুসফুসের ক্যান্সার প্রাথমিক পর্যায়ে ধরা পড়ে তখন অস্ত্রোপচার এবং রেডিওথেরাপি দুটোই অত্যন্ত উপকারী চিকিৎসা পদ্ধতি এবং এগুলোর সাফল্যের মাত্রাও অনেক বেশি।

ক্লিনিকের উদ্দেশ্য

আপনি যখন ক্লিনিকে উপস্থিত থাকবেন তখন আমরা আপনাকে চিকিৎসার বিভিন্ন পদ্ধতি সম্পর্কে স্পষ্ট এবং সহজবোধ্য তথ্য দিতে চাই যাতে আপনার জন্য কোন চিকিৎসা পদ্ধতি সবচেয়ে ভালো হবে সে সম্পর্কে আমরা একত্রে সিদ্ধান্ত নিতে পারি।

আপনি কোন পদ্ধতির চিকিৎসা নিতে পারবেন অথবা পারবেন না এটা বলা নয়, বরং আপনাকে সঠিক সিদ্ধান্ত নিতে সাহায্য করাই আমাদের দায়িত্ব। এক্ষেত্রে আপনাকে সাহায্য করার জন্য প্রচুর তথ্য নিয়ে আলোচনা করতে হতে পারে। আপনাকে হয়তো কয়েকজন ডাক্তার এবং নার্সের সাথে দেখা করতে হতে পারে।

ইতিমধ্যে আপনার যেসব পরীক্ষা করা হয়েছে এবং আপনি ক্লিনিকে আসার পর যেসব পরীক্ষা করা হবে, তার সবগুলো আমরা পর্যালোচনা করব এবং আপনার সাথে আলোচনা করব।

দয়া করে ক্লিনিকে আসার সময় সাথে পরিবারের একজন সদস্য অথবা বন্ধুকে নিয়ে আসবেন, মনোযোগ দিয়ে কথা শুনবার মতো সাথে আরো একজন মানুষ সাথে থাকাটা সবসময়ই ভালো!

আমাদের টিম

যেদিন ক্লিনিক আসবেন সেদিন আমাদের টিমের নিম্নোক্ত সদস্যদের সাথে আপনার দেখা হতে পারে:

- **থরাসিক বা বক্ষ সার্জন: একজন বিশেষজ্ঞ যিনি অস্ত্রোপচারের মাধ্যমে ফুসফুস থেকে ক্যান্সার অপসারণ করেন।**
- **ক্লিনিক্যাল অনকলজিস্ট বা ক্যান্সার বিশেষজ্ঞ: একজন বিশেষজ্ঞ যিনি রেডিওথেরাপির মাধ্যমে ফুসফুসের ক্যান্সারের চিকিৎসা দিয়ে থাকেন।**

- **এনেসথেটিস্ট: একজন বিশেষজ্ঞ যিনি অস্ত্রোপচারের আগে, চলাকালিন সময়ে এবং পরে রোগীর দেখাশোনা করেন।**
- **ফুসফুস ক্যান্সারের চিকিৎসক: একজন বিশেষজ্ঞ যিনি ফুসফুসের ক্যান্সারের রোগ নির্ণয় এবং চিকিৎসার সকল বিষয়ে জ্ঞান রাখেন।**
- **থরাসিক অর্থাৎ বক্ষের অথবা ম্যাকমিলান নার্স: ক্যান্সার রোগীদের সহযোগিতার জন্য বিশেষজ্ঞ নার্সগণ**
- **CURE টিম:** একদল লোক যারা ধূমপায়ী রোগীদেরকে ধূমপান বন্ধ করতে সহযোগিতা করেন।
- **Prehab4cancer টিম: ব্যায়ামবিদগণ যারা রোগীদেরকে ক্যান্সারের চিকিৎসার জন্য প্রস্তুত করেন।**
- **অনকোজেরিয়াট্রিশিয়ান: একজন বিশেষজ্ঞ যিনি ক্যান্সার রোগীদের স্বাস্থ্যের সার্বিক উন্নতির ক্ষেত্রে সহযোগিতা দিয়ে থাকেন।**
- **সেইন্ট অ্যান'স হসপিসের 'বিইং ইউ' টিম:** একদল লোক যারা আপনাকে সাহায্য করার জন্য স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন সহযোগিতা দিতে পারবেন।

ক্লিনিকে কী ঘটবে?

ক্লিনিক শুরু হবার সময়: সকাল ৮টা

দয়া করে ঠিক সকাল আটটায় উপস্থিত হবেন কারণ আপনার দিনের প্রথম ঘন্টাটি খুব ব্যস্ত কাটবে। আপনাকে আমাদের সাথে ক্লিনিকে কয়েক ঘন্টা কাটাতে হতে পারে (প্রায় পুরোটা সকাল, প্রয়োজনে আরো বেশি সময়।)

আপনি পৌঁছার পর নার্সগণ আপনার সাথে দেখা করবেন এবং বাকি সব প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা সম্পন্ন করবেন। **দয়া করে আরামদায়ক এবং ঢিলাঢালা কাপড় পরবেন এবং দৈনন্দিন ব্যবহারের জুতা পরবেন।**

এরপর, আপনার ডাক্তার এবং নার্সগণ একত্রিত হয়ে স্থানীয় হাসপাতালে এবং ক্লিনিকে প্রথমে আসবার পর আপনার যেসব পরীক্ষা করা হয়েছে সেগুলো নিয়ে আলোচনা করবেন।

এর মধ্যে, লাংগ ক্যান্সারের চিকিৎসা এবং এগুলোর জন্য কীভাবে প্রস্তুতি নিতে হয় এর উপর নানা ধরনের ভিডিও দেখার সুযোগ পাবেন আপনি। এছাড়াও আপনার চাহিদার সাথে সম্পৃক্ত বিভিন্ন টিমের সাথে আপনার দেখা হবে, যেমন ধূমপান বন্ধ করার বিশেষজ্ঞের দল অথবা সেইন্ট অ্যান'স হসপিস থেকে একজন পরিপূরক থেরাপিস্ট।

সবশেষে, আপনি বিভিন্ন চিকিৎসকের সাথে দেখা করার এবং আপনার চিকিৎসার বিভিন্ন পদ্ধতি নিয়ে আলোচনা করার সুযোগ পাবেন এবং আশা করা যায় যে আপনার চিকিৎসা বিষয়ে একটা সিদ্ধান্তে আসতে সক্ষম বোধ করবেন।

আপনাকে একসাথে প্রচুর তথ্য দেয়া হবে, এবং সমস্ত দিন ধরে আপনার যে কোনো প্রশ্ন থাকলে আমাদের বিশেষজ্ঞ আপনাকে সহযোগিতা করবেন।

ঐ দিন আপনাকে কী নিয়ে আসতে হবে (তালিকা)

- একজন আত্মীয় বা বন্ধু
- বর্তমানে আপনি যেসব ওষুধ খাচ্ছেন তার সবগুলো (সব ট্যাবলেট, ইঞ্জেকশন এবং ইনহেলার)
- চশমা, হিয়ারিং এইড/ হাঁটাতে সাহায্যের জন্য যা কিছু প্রয়োজন
- ব্যক্তিগত যোগাযোগের ফোন নম্বর এবং ইমেইল ঠিকানা
- তথ্য এবং প্রশ্ন লেখার জন্য একটি কলম এবং কিছু কাগজ
- আমরা চা/কফি, বিস্কিট এবং স্যান্ডুইচ সরবরাহ করব, কিন্তু আপনার যদি কোনো বিশেষ খাদ্যের চাহিদা থাকে, তাহলে সেই অনুযায়ী পানীয় এবং স্ন্যাক অর্থাৎ খাবার নিয়ে আসবেন।

এই তথ্যগুলো আবার আলোচনা করার জন্য নার্সিং টিমের একজন সদস্য ক্লিনিকে আসার আগে আপনাকে ফোন করবেন এবং ওয়ানস্টপ ফুসফুস ক্লিনিকে এপয়েন্টমেন্ট বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে তার উত্তর দেবেন।

<u>ক্লিনিক কীভাবে খুঁজে পাবেন</u>

ক্লিনিকের ঠিকানা হচ্ছে: দ্য নীল ক্লিফ সেন্টার, এন্ট্রান্স ১২, উইদিনশো হসপিটাল, সাউথমোর রোড, ম্যানচেস্টার **M23 9LT**

The Neil Cliffe Centre, Entrance 12, Wythenshawe Hospital, Southmoor Road, Manchester, M23 9LT

<u>গাড়ি কোথায় পার্ক করবেন?</u>

দ্য নীল ক্লিফ সেন্টার উইদিনশো হাসপাতালের পেছনে ম্যাটারনিটি ইউনিটের পাশে অবস্থিত। ম্যাটারনিটি বিভাগের সামনে একটা পাবলিক কার পার্ক রয়েছে, যেখানে ফ্লোটস রোড দিয়ে ঢোকা যায়। সেখান থেকে ম্যাটারনিটি বিভাগের ডান দিক ধরে হেঁটে গেলেই নীল ক্লিফ সেন্টারে ঢোকার পথ দেখতে পাবেন।

এটা হচ্ছে উইদিনশো হাসপাতালের ম্যাপ অর্থাৎ মানচিত্র:

এই ছবিটি হচ্ছে নীল ক্লিফ সেন্টারের যেখানে ক্লিনিকটি চালানো হয়:

আমাদের ক্লিনিকে আসার জন্য যদি আপনার গাড়ি প্রয়োজন হয়, আমরা আপনার জন্য তার ব্যবস্থা করব। যদি এই ব্যাপারে আপনার কোনো প্রশ্ন থাকে তাহলে নিচে দেয়া নম্বরে যোগাযোগ করুন

যদি আপনার কোনো প্রশ্ন থাকে তাহলে অবশ্যই আমাদের সাথে যোগাযোগ করুন: টেলিফোন: ইমেইল:

আশা করি অতি সত্ত্বর আপনার সাথে দেখা হবে।

দ্য ওয়ান স্টপ ক্যান্সার ক্লিনিক টিম

One-Stop Lung Cancer Clinic

NHS in Greater Manchester

ক্লিনিকের নার্স বা ডাক্তারদেরকে এপয়েন্টমেন্টের দিন অথবা তার আগে যেসব প্রশ্ন জিজ্ঞেস করতে চান সেগুলো নিচে লিখুন।